

এশিয়া কর্মশালা (ওয়ার্কশপ):

IYFA 2022 – টেকসই এবং ন্যায্যসম্পন্ন ক্ষুদ্রায়তন মৎস্যখাত উদযাপন

দ্বিতীয় অধিবেশন : টেকসই মৎস্যসম্পদ, খাদ্য নিরাপত্তা এবং দারিদ্র্য দূরীকরণের জন্য সামাজিক উন্নয়ন

ক্ষুদ্রায়তন মৎস্যখাতে সামাজিক উন্নয়ন মৎস্যজীবী সম্প্রদায়ের সম্মিলিত কল্যাণের পরিচায়ক এবং সামাজিক উন্নয়ন সুরক্ষিত করা গেলে তা টেকসই এবং দায়িত্বশীল মৎস্যখাত ব্যবস্থাপনা বাস্তবায়নকে ত্বরান্বিত করতে পারে। সামাজিক সুরক্ষা সামাজিক উন্নয়নের একটি মূল উপাদান, এবং এটি প্রাকৃতিক দুর্যোগ, মৎস্যখাতের কোনও সংকট বা কোভিড-১৯ এর মতো মহামারীর সময় অতিদরকারী সহায়তা প্রদানে বিশেষ ভূমিকা পালন করে। সামাজিক বৈষম্য কমিয়ে নিয়ে আসা সামাজিক উন্নয়ন পদ্ধতি ক্ষুদ্রায়তন মৎস্যখাত ব্যবস্থাপনার জন্য বাস্তবভিত্তিক দৃষ্টিভঙ্গি (ecosystem approach) গ্রহণে অনুকূল পরিবেশ তৈরি করবে বলে আশা করা যায়, যা টেকসই মৎস্য ও খাদ্য নিরাপত্তা নিশ্চিত করতে অবদান রাখতে পারে এবং যথাযথ নীতি এবং কর্মসূচি গ্রহণ করা হলে তা মৎস্যজীবী সম্প্রদায়ের দারিদ্র্য দূর করতে পারে।

Voluntary Guidelines for Securing Sustainable Small-Scale Fisheries in the Context of Food Security and Poverty Eradication (the SSF Guidelines) বা ক্ষুদ্র মৎস্যখাতের জন্য জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থার বিশেষ নির্দেশিকায় সামাজিক উন্নয়নের বেশ কিছু মূল উপাদানের কথা বলা হয়েছে: (১) স্বাস্থ্য, শিক্ষা, সাক্ষরতা এবং ডিজিটাল অন্তর্ভুক্তিতে সাশ্রয়ী প্রবেশাধিকার; আবাসন, পয়ঃনিষ্কাশন, পানীয় জল এবং জ্বালানী; এবং সঞ্চয়, ঋণ এবং বীমার ক্ষেত্রে সাশ্রয়ী প্রবেশাধিকার তৈরি ও প্রদান করা এবং এর জন্য বিনিয়োগ; (২) ন্যায্যবিচারে প্রবেশাধিকার নিশ্চিত করা; (৩) সমুদ্রে এবং অভ্যন্তরীণ জলাশয়ে নিরাপত্তা ব্যবস্থার উন্নত করা এবং দুর্যোগ ব্যবস্থাপনায় মনযোগ দেওয়া; এবং (৪) উপ-খাতসমূহের সকল শ্রমিকের জন্য উপযুক্ত কর্মপরিবেশ নিশ্চিত করা, এবং মৎস্যখাতের শ্রমের যুক্তিসঙ্গত মূল্য নিশ্চিত করা, মৎস্যখাতের পুঁজি ও ব্যবস্থাপনায় মৎস্যজীবীদের বিনিয়োগের ন্যায্য বিনিময় নিশ্চিত করা।

সামাজিক উন্নয়নের ক্ষেত্রে উপযুক্ত বা শালীন কর্মপরিবেশ সম্পর্কিত উপাদানগুলি হলো: উপাদানশীল কর্মসংস্থান (আনুষ্ঠানিক এবং অনানুষ্ঠানিক), কর্মক্ষেত্রে অধিকার রক্ষা করা এবং সামাজিক সুরক্ষা প্রদান, যেমন- আন্তর্জাতিক শ্রম সংস্থার সুপারিশ অনুযায়ী সামাজিক সহায়তা এবং সামাজিক নিরাপত্তা, যার অন্তর্ভুক্ত থাকবে: শিশু এবং পারিবারিক সুবিধা, মাতৃত্ব সুবিধা, স্বাস্থ্য সুবিধা, অসুস্থতাজনিত সুবিধা, কর্মসংস্থানে আহত হলে তার জন্য সুবিধা, বেকারত্বের ভাতা, বার্ষিকের সুবিধা এবং বেঁচে থাকার সুবিধা। এসএসএফ গাইডলাইন ক্ষুদ্রায়তন মৎস্যখাতে সম্পৃক্ত শ্রমিকদেরও সামাজিক নিরাপত্তা সুরক্ষা চায় (অনুচ্ছেদ ৬.৩)।

উল্লেখ করা যেতে পারে যে, এসডিজি ১৪ (টেকসই উন্নয়নের জন্য সমুদ্র এবং সামুদ্রিক সম্পদ সংরক্ষণ এবং টেকসইভাবে ব্যবহার)- ছাড়াও বেশিরভাগ এসডিজি লক্ষ্যগুলোতেই সামাজিক উন্নয়নের বেশ কয়েকটি উপাদান রয়েছে। এগুলোর মধ্যে আছে: এসডিজি ১: সর্বত্র সব ধরনের দারিদ্র্যের অবসান (যা, ঘটনাক্রমে ১.৩ নাম্বার লক্ষ্যে জাতীয়ভাবে উপযুক্ত সামাজিক সুরক্ষা ব্যবস্থা এবং সকলের জন্য এই ব্যবস্থা বাস্তবায়নের কথা বলেছে); এসডিজি ২: ক্ষুধার অবসান, খাদ্য নিরাপত্তা ও উন্নত পুষ্টিমান; এসডিজি ৩: সকল বয়সী সকল মানুষের জন্য সুস্থতা ও কল্যাণ; এসডিজি ৪: সকলের জন্য অন্তর্ভুক্তিমূলক ও সমতাভিত্তিক গুণগত শিক্ষা নিশ্চিতকরণ এবং জীবনব্যাপী শিক্ষালাভের সুযোগ সৃষ্টি; এসডিজি ৫: লিঙ্গ সমতা অর্জন এবং সকল নারী ও মেয়েদের ক্ষমতায়ন;

এসডিজি ৮: সকলের জন্য পূর্ণাঙ্গ উৎপাদনশীল কর্মসংস্থান এবং শোভন কর্মসুযোগ সৃষ্টি, স্থিতিশীল, অন্তর্ভুক্তিমূলক এবং টেকসই অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জন; এবং এসডিজি ১৩: জলবায়ু পরিবর্তন এবং এর প্রভাব মোকাবেলায় কর্মব্যবস্থা গ্রহণ।

দলীয় আলোচনার জন্য প্রশ্নপত্র:

১. আপনার জাতীয় বা স্থানীয় অবস্থার প্রেক্ষাপটে অন্যান্য নাগরিকের মতো ক্ষুদ্র মৎস্যখাতে সম্পৃক্ত মৎস্যজীবী সম্প্রদায়ের নারী, পুরুষ এবং শিশুদের কি স্বাস্থ্য, শিক্ষা, আবাসন, স্যানিটেশন, পানীয় জল এবং জ্বালানী সেবা এবং পরিষেবাগুলিতে সশ্রয়ী (এবং পর্যাপ্ত) প্রবেশাধিকার রয়েছে? কিভাবে এই সুবিধা এবং পরিষেবাগুলোতে প্রবেশাধিকার উন্নত করা যেতে পারে? এক্ষেত্রে মৎস্যজীবীদের সংগঠন এবং প্রশাসনের ভূমিকা কী হতে পারে?
২. ক্ষুদ্র মৎস্যখাতে সম্পৃক্ত মৎস্যজীবী সম্প্রদায়ের সকল সদস্য এবং সমস্ত শ্রমিক সামাজিক সহায়তা বা সামাজিক বীমা প্রকল্পের আওতায় কোনও উৎস থেকে কি নিরাপত্তা সুরক্ষা ভোগ করে? এই ধরনের কর্মসূচি বাস্তবায়নের সময় কি নারী এবং অভিবাসী শ্রমিকসহ কোনও গোষ্ঠীর বিরুদ্ধে কোনও বৈষম্য রয়েছে?
৩. সমুদ্র/মিঠা পানির এলাকাতে কি মাছ ধরার সাথে সম্পর্কিত দুর্ঘটনার সংখ্যা বাড়ছে? দুর্যোগপূর্ণ আবহাওয়া এবং জলবায়ু পরিবর্তনজনিত কারণে কি সামুদ্রিক এবং অভ্যন্তরীণ মৎস্যখাতে নিরাপত্তার সংকট বাড়ছে? আপনি কিভাবে এই হুমকির মুখে মাছ ধরার কার্যক্রমের সামগ্রিক নিরাপত্তা উন্নত করবেন?